

নিম্নলিখিত বিষয়গুলোর উপরে ব্যবস্থা গ্রহণ করতে হবেঃ

- ১। প্রতি উপজেলায় অবস্থিত অনার্স/ডিগ্রি/উচ্চ মাধ্যমিক পর্যায়ের কলেজের প্রাঙ্গণে মেলার আয়োজন করা যেতে পারে।
- ২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর হতে প্রেরিত Design অনুসারে ব্যানার প্রস্তুত করতে হবে।
- ৩। মেলা প্রাঙ্গণে আগ্রহী তরুন/তরুনী, ছাত্র/ছাত্রী, অভিভাবক ও শিক্ষকগণের উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ৪। জাতীয় ইন্টারনেট সপ্তাহ ২০১৬ তে বর্তমান সরকারের আইসিটি বিষয়ক বিভিন্ন উন্নয়ন কার্যক্রম প্রদর্শনের ব্যবস্থা নিতে হবে।
- ৫। মেলায় “শেখ হাসিনার উদ্যোগ, ডিজিটাল বাংলাদেশ” শীর্ষক আলোচনা সভার আয়োজনের ব্যবস্থা করা যেতে পারে।
- ৬। মেলা প্রাঙ্গণে শেখ হাসিনা সরকারের বিভিন্ন উন্নয়ন কার্যক্রমের উপর পোস্টার/ব্যানার/ফেস্টুন প্রদর্শন করতে হবে।
- ৭। সরকারি/বেসরকারি বিভিন্ন সংস্থা কর্তৃক বিভিন্ন জনগণকে প্রদেয় বিভিন্ন ই-সেবা/অনলাইন সেবা মেলাতে প্রদর্শনের সুযোগ রাখতে হবে।
- ৮। ই-কমার্স, মোবাইল অ্যাপ নির্মাতা, ওয়েব পোর্টাল, যন্ত্র নির্মাতা, অনলাইনভিত্তিক পণ্য ও সেবাদাতা প্রতিষ্ঠানকে মেলায় অন্তর্ভুক্ত করতে হবে।
- ৯। ইন্টারনেটের সঠিক এবং নিরাপদ ব্যবহার বিষয়ক আলোচনার ব্যবস্থা করা যেতে পারে।
- ১০। স্কুল/ কলেজে ছাত্রছাত্রীদের অংশগ্রহণে আইসিটি বিষয়ক কুইজ প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে।
- ১১। তরুন শিক্ষার্থীদের অংশগ্রহণে তথ্য প্রযুক্তি বিষয়ক রচনা প্রতিযোগিতা, রিয়েলিটি শো এর আয়োজন করা যেতে পারে।
- ১২। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা সম্পর্কে ধারণা দেয়াসহ তথ্য প্রযুক্তি খাতের অবদান সম্বন্ধে এবং এক্ষেত্রে তরুনদের সম্পৃক্ততা বৃদ্ধি করতে হবে।
- ১৩। তথ্য প্রযুক্তি সেবাগত, অবকাঠামো উন্নয়ন ইত্যাদি খাতে বাংলাদেশের অর্জন তুলে ধরতে হবে।
- ১৪। তথ্য প্রযুক্তি খাতে বাংলাদেশের বিনিয়োগ সম্ভাবনা তুলে ধরতে হবে।
- ১৫। স্টলগুলোতে সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান/সরকারি দপ্তরসমূহ তথ্য প্রযুক্তির বিভিন্ন উন্নয়ন ধারণা/উদ্ভাবন প্রদর্শন করতে পারবে।
- ১৬। IOT, সোশ্যাল মিডিয়া, সাইবার শ্রেট এবং নিরাপত্তা ইত্যাদি বিষয়ে সেমিনারের আয়োজন করা যেতে পারে।
- ১৭। মেলার বিষয়ে ব্যাপক প্রচার-প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ১৮। ইউনিয়ন ডিজিটাল কেন্দ্র (UDC) উদ্যোক্তাদের উক্ত মেলা প্রাঙ্গণে উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ১৯। তথ্যপ্রযুক্তি/Outsourcing নিয়ে কাজ করেন এমন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে মেলায় সম্পৃক্তকরণের ব্যবস্থা নিতে হবে।
- ২০। মেলার উদ্বোধনী অংশে জনপ্রতিনিধি/ বিজ্ঞানমনস্ক শিক্ষক/ IT নিয়ে কাজ করেন এমন সম্মানিত ব্যক্তিদের অতিথি হিসেবে রাখার ব্যবস্থা করা যেতে পারে।
- ২১। মেলা সমাপ্তির পর ১০ (দশ) দিনের মধ্যে বাজেটের ব্যয়বিবরণী প্রেরণ নিশ্চিত করতে হবে।